ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

কোটেশনের মাধ্যমে পণ্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে আদর্শ অনুরোধ জ্ঞাপন দলিল (RFQ)

[অভ্যন্তরীণ ক্রয় - Lab Equipment (EEE) Repair]

জানুয়ারি - ২০২৬

ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা

সূত্রঃ নিটার/প্রশাসন/কোটেশন-কার্যাদেশ-১১/২০১১২৪/২০২৬/৭৫ তারিখঃ ১২-০১-২০২৬

রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) বিজ্ঞপ্তি

১। ইনস্টিটিউটের প্রয়োজনে নিম্ন ছকে উল্লেখিত পণ্য/সেবাসমূহের জন্য সরবরাহকারীগণের নিকট হতে কোটেশন আহবান করা যাচ্ছে

ক্র.	পণ্য/সেবার বিবরণ/বিনির্দেশ	পরিমাণ	মন্তব্য
১.	PLC Trainer Kit, Rainbow Automation Brand (Repair)	১ বার	
২.	Pneumatic Solenoid Valve Module, Rainbow Automation Brand (Repair)	১ বার	
৩.	Traffic Control System, Rainbow Automation Brand (Repair)	১ বার	
৪.	Fire Alarm System, Rainbow Automation Brand (Repair)	১ বার	
৫.	Water Level Indicator, Rainbow Automation Brand (Repair)	১ বার	

২। কোটেশন প্রদানের ক্ষেত্রে সরবরাহকারীদেরকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে-

ক. সরবরাহকারীগণকে আবশ্যিকভাবে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কোটেশন দাখিল করতে হবে;

খ. কোটেশনে এই বিজ্ঞপ্তিতে উল্লেখিত পণ্য/সেবার যথাযথ বিবরণ/স্পেসিফিকেশনসহ উল্লেখ করতে হবে;

গ. কোটেশনে যথাযথ এবং স্পষ্টভাবে পরিমাণ, একক প্রতি দর (টাকায়) এবং মোট দর (টাকায়) উল্লেখ করতে হবে;

ঘ. কোটেশনে উল্লেখিত দর কত দিন পর্যন্ত বলবৎ থাকবে তা উল্লেখ করতে হবে;

ঙ. দাখিলকৃত কোটেশনে উল্লেখিত পণ্য/সেবার বিক্রয়োত্তর সেবার (ওয়ারেন্টি) সময়সীমা উল্লেখ করতে হবে;

চ. উল্লেখিত পণ্য/সেবাসমূহের জন্য মোট মূল্যের ১০% বিক্রয়োত্তর সেবার (ওয়ারেন্টি) সময়সীমা পর্যন্ত জামানত হিসেবে নিটার এর কাছে গচ্ছিত থাকবে। উল্লেখিত সময়সীমার মধ্যে কোনো ধরণের ত্রুটি পরিলক্ষিত হলে সরবরাহকারী নিজ উদ্যোগে এবং খরচে প্রয়োজনীয় সংযোজন/সংস্থাপন/মেরামত/সেবা কার্য সমাধান করবেন অন্যথায় জামানতের অর্থ হতে তা সমন্বয় করা হবে। নির্দিষ্ট সময়সীমা পার হলে সরবরাহকারীর আবেদনের প্রেক্ষিতে জামানতের অর্থ পরিশোধ করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ. কোটেশনের মোট মূল্য এবং মোট মূল্যের উপর সরকারী নিয়ম অনুযায়ী আয়কর এবং ভ্যাট এর পরিমাণ পৃথকভাবে উল্লেখ করতে হবে।

৩। সরবরাহকারীগণকে কোটেশনের সাথে নিম্নে উল্লেখিত কাগজপত্রাদি সরবরাহ করতে হবে-

ক. প্রতিষ্ঠানের হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স;

খ. কোটেশন দাখিলকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নামে অথবা স্বত্বাধিকারী/মালিকের নিজ ব্যাংক হিসাবের চেক বইয়ের ফটোকপি (ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখা সম্বলিত);

গ. প্রতিষ্ঠানের নিজ নামে অথবা একক মালিকানার ক্ষেত্রে স্বত্বাধিকারীর ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (TIN) সার্টিফিকেট;

ঘ. প্রতিষ্ঠানের নামে বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) সার্টিফিকেট।

উপরোক্ত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে এবং উল্লেখিত কাগজপত্রসহ আগামী ১৪-০১-২০২৬ ইং তারিখ রোজ বুধবার দুপুর ২:০০ ঘটিকার মধ্যে খামবদ্ধ অবস্থায় নিটার এর রেজিস্ট্রার দপ্তরে (কক্ষ নং এডি-১০৩) আগ্রহী সরবরাহকারীগণকে কোটেশন দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও ই-মেইল (procurement@niter.edu.bd) ঠিকানায় উল্লেখিত কাগজপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোটেশন প্রেরণ করা যাবে।

৪। কার্যাদেশ জারির তারিখ হতে ১০ দিনের মধ্যে পণ্য/সেবা সরবরাহ করতে হবে;

৫। ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার) কর্তৃপক্ষ প্রাপ্ত যে কোনো কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

অধ্যাপক ড. আশেকুল আলম রানা
পরিচালক, নিটার

বিতরণ:

১. প্রোপাইটর/স্বত্বাধিকারী, ...;
২. আইটি অফিসার, নিটার (ওয়েবসাইটে আপলোড করার জন্য);
৩. নোটিশ বোর্ড, নিটার;
৪. অফিস কপি।